



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

নং-ডিওএস(জি)১১৫১/৫০/২০২০- ক-১৯(১)

তারিখঃ এপ্রিল ১১, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সোনালী/অগ্রণী/জনতা/কম্পালী ব্যাংক লিঃ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক/বাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রিয় মহোদয়া,

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৯/০৪/২০২০ তারিখে জারিকৃত বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং-১১ এর
প্রতি আপনাদের মৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ট্রেজারী কার্যক্রমসহ সরকারের অন্যান্য বিশেষ কার্যক্রম (যথাঃ বিভিন্ন প্রকার সরকারি ভাতা/অনুদান
বিতরণ ইত্যাদি) এবং জনসাধারণের অতি জরুরী আর্থিক প্রয়োজন মেটানোর লক্ষ্যে, সরকার/জেলা প্রশাসন/উপজেলা
প্রশাসন/আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ কর্তৃক সুনির্দিষ্টভাবে বক্ত রাখার নির্দেশনা প্রদান না করা হলে, চলাচল ও
গমনাগমন নিষেধাজ্ঞা অথবা নিয়ন্ত্রণ ও নিয়ন্ত্রিত মূলক যে কোন ব্যবস্থার অধীন এলাকায় (অর্ধাঃ Lockdown
ঘোষণাকৃত জেলা ও উপজেলা) অবস্থিত আপনাদের ব্যাংক শাখা/শাখাসমূহে বিশেষ ব্যবস্থায় সীমিত আকারে ব্যাংকিং
কার্যক্রম চালু রাখতে হবে। একেতে ডিওএস সার্কুলার লেটার নং-১১ এর ৪ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা আপনাদের
ব্যাংকের অনুকূল শাখা/শাখাসমূহের ক্ষেত্রে সাধারণভাবে প্রযোজ্য হবে না।

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং ২ এ বর্ণিত জেলা/উপজেলায় অবস্থিত আপনাদের ব্যাংকের সকল শাখায়
আগামী ১২ এপ্রিল ২০২০ তারিখ হতে দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী হবে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর
১.০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা দুপুর ২.০০ ঘটিকা
পর্যন্ত খোলা রাখা যাবে। এরপ শাখা/শাখাসমূহে সরকারি চালান গ্রহণ, ডিডি/প্লে-অর্ডার ইস্যু, গুরুত্বপূর্ণ ও জরুরী
বৈদেশিক লেনদেন (এডি শাখার ক্ষেত্রে), টাকা জমা/উত্তোলন এবং সরকারি কর্তৃক প্রদত্ত বিভিন্ন সরকারি ভাতা/অনুদান
বিতরণ কার্যক্রম সম্পাদন করতে হবে। একেতে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সহায়তা গ্রহণ করে সোসাইল
ডিস্টেন্সিং সংজ্ঞান্ত WHO গাইডলাইনসমূহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনাসমূহের
(জনবলের রোস্টারিং ডিউটি সহ) পরিপালন নিশ্চিত করতে হবে।

০৪। বর্ণিত এলাকাসমূহে অবস্থিত শাখা/শাখাসমূহের কার্যক্রম অব্যাহত রাখার বার্ষে ব্যাংকের সংশ্লিষ্ট শাখার
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত নির্বিয়ুক্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সহায়তায় ঠাঁদের
যাতায়াতের জন্য বাহনের ব্যবস্থা করতে হবে।

০৫। উপরোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

০৬। উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হল।

আপনাদের বিশ্বাস,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩